

বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ৫০১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. দু ঈদের সালাত - কোন সমস্যার কারণে ঈদের সালাত মসজিদে পড়া বৈধ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ - رَضِيَ اللَّهُ عَنْهُ: أَنَّهُمْ أَصَابَهُمْ مَطَرٌ فِي يَوْمِ عِيدٍ. فَصَلَّى بِهِمُ النَّبِيُّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - صَلَاةَ الْعِيدِ فِي الْمَسْجِدِ. رَوَاهُ أَبُو دَاوُدَ بِإِسْنَادٍ لَيِّنٍ

منكر. رواه أبو داود (1160)

বাংলা

৫০১. আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত। ঈদের দিনে বৃষ্টি নামায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে তাঁদের নিয়ে ঈদের সালাত আদায় করেছিলেন। —আবু দাউদ দুর্বল সানাদে।[1]

ফুটনোট

[1] আবু দাউদ ১১৬০, ইবনু মাজাহ ১২১৩

ইমাম নববী তাঁর খুলাসা (২/৮২৫) গ্রন্থে এর সানাদকে হাসান বলেছেন। ইমাম শাওকানী নাইলুল আওত্বার (৩/৩৫৯) গ্রন্থে এর সানাদে একজন মাজহুল রাবীর কথা বলেছেন। আলবানীও সালাতুল ঈদাইন গ্রন্থে (৩২) ও ইমাম সানআনী সুবুলুস সালাম (২/১১) গ্রন্থেও অনুরূপ মন্তব্যই করেছেন। ইবনুল কাত্তান আল-ওয়াহম ওয়াল ইহাম (৫/১৪৪) গ্রন্থেও হাদীসটিকে অশুদ্ধ বলেই ইঙ্গিত করেছেন। আলবানী তাখরীজ মিশকাতুল মাসাবীহ (১৩৯৩), ও আবু দাউদ (১১৬০) গ্রন্থে হাদীসটিকে দুর্বল অভিহিত করেছেন। বিন বায হাশিয়া বুলুগুল মারাম (৩২৪) গ্রন্থে বলেন, এর সানাদে ঈসা বিন আবদুল আলী বিন ফুরুওয়া রয়েছে যিনি মাজহুল। মুহাদ্দিস আযীমাবাদীও আওনুল মাবূদ (৪/১৭) গ্রন্থে উক্ত রাবীকে মাজহুল হিসেবেই আখ্যায়িত করেছেন।

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70312>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন